**বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট**
**গাজীপুর-১৭০১**

স্মারক নং-১২.২১.০০০০.০০০.০০৫.২৭.০০০১.২৫.১৬০৬ তারিখ: ২৬-১০-২০২৫

**অফিস আদেশ**

যেহেতু, জনাব সন্তোষ কুমার পাল BARI2496, বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষিতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুর ০১-১১-২০২৪ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় এবং আপনি জনাব সন্তোষ কুমার পাল BARI2496, বৈজ্ঞানিক কর্মকর্তা-কে The University of Newcastle, Australia-তে পিএইচডি কোর্সের অধ্যয়নের নিমিত্ত কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১২.০০.০০০০.০৬২.০৮.০০৬.০৬-৩৭৬ তারিখঃ ১১-০৯-২০১৮ মোতাবেক ১৮-১১-২০১৮ হতে ১৭-০৫-২০২২ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছর ০৬ (ছয়) মাস প্রেষণাদেশ মঞ্জুর করা হয় এবং পরবর্তীতে আপনার আবেদনের প্রেক্ষিতে স্মারক নং-১২.০০.০০০০.০৬২.১৯.০০৫.১৯.২২৭ তারিখঃ ২২-০৫-২০২২ মোতাবেক ১৮-০৫-২০২২ হতে ১৭-০৫-২০২৩ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর, স্মারক নং-১২.০০.০০০০.০৬২.১৯.০১৩.১৯.২৮১ তারিখঃ ১৭-০৫-২০২৩ মোতাবেক ১৮-০৫-২০২৩ হতে ১৭-১০-২০২৩ তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) মাস এবং স্মারক নং-১২.০০.০০০০.০৬২.১৯.০১৪.২১.৫৯৬ তারিখঃ ০৮-১১-২০২৩ মোতাবেক ০১-১১-২০২৩ হতে ৩১-১০-২০২৪ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর শিক্ষা ছুটি মঞ্জুর করা হয়। কিন্ত আপনি উক্ত শিক্ষা ছুটি ভোগ শেষে কর্মস্থলে যোগদান না করে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অননুমোদিতভাবে ০১-১১-২০২৪ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০১৩.৮০.১৬৯.১৯.৮১৭; তারিখঃ ২৭-১১-২০২৪, স্মারক নং-১২.২১.০০০০.০১৩.৮০.১৬৯.১৯.৯১১; তারিখঃ ০৬-০১-২০২৫ এবং স্মারক নং-১২.২১.০০০০.০১৩.৮০.১৬৯.১৯.৩৮ তারিখঃ ১৬-০২-২০২৫ মোতাবেক কর্মস্থলে যোগদান ও পিএইচডি কোর্সে ডিসার্টেশনের কপি জমা প্রদানের জন্য ১ম, ২য়, ৩য় তাগিদ পত্র প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে আপনি কর্মস্থলে যোগদান ও পিএইচডি কোর্সে ডিসার্টেশনের কপি জমা প্রদান না করে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অননুমোদিতভাবে ০১-১১-২০২৪ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (খ) ও (গ) উপ প্রবিধি মোতাবেক "অসদাচরণ ও পলায়ন" এর অভিযোগে অভিযুক্ত করে ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০০১.২৫.৩৯২২ তারিখ: ২৪-০৩-২০২৫ মোতাবেক বিভাগীয় মামলা রুজুকরতঃ অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) ও অভিযোগ বিবরনী জারী করা হয়;

যেহেতু আপনার বিরুদ্ধে জারিকৃত ১ম কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে দাখিলকৃত লিখিত জবাব সন্তোষজনক প্রতিপন্ন না হওয়ায় আপনার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত তার বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০০১.২৫.৪৪৫৬ তারিখ: ০৬-০৫-২০২৫ মোতাবেক ড. মো. আলমগীর হোসেন BARI0228, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, পোস্ট হারভেস্ট টেকনোলজি বিভাগ, বারি, গাজীপুরকে সভাপতি করে ০৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু, তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব সন্তোষ কুমার পাল BARI2496, বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষিতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুরের বিরুদ্ধে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (খ) ও (গ) উপ প্রবিধি মোতাবেক ''অসদাচরণ ও পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলার আনুসাঙ্গিক কাগজপত্র পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে "অসদাচরণ, পলায়ন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (ঊ) উপ-প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকরি হতে ''বরখাস্ত'' করা হবে না অথবা অন্য কোন গুরুদন্ড প্রদান করা হবে না এ মর্মে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেয়া হয়। সে প্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা ০৫-০৬-২০২৫ তারিখে লিখিত জবাব দাখিল করেছেন

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব সন্তোষ কুমার পাল BARI2496, বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষিতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুর এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার বিষয়াদি ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাপূর্বক বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (ঊ) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে ''বরখাস্ত'' গুরুদন্ড আরোপ করার সিদ্ধান্ত গৃহিত হয়;

যেহেতু, গত ০১-১০-২০২৫ তারিখে জনাব সন্তোষ কুমার পাল BARI2496, বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষিতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুর এর বরখাস্তকরণ বিষয়ে বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজিসহ সর্বমোট ২টি পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। সে প্রেক্ষিতে আপনি কর্তৃপক্ষের সাথে কোনরুপ যোগাযোগ রক্ষা করেননি;

যেহেতু, গত ০৭-১০-২০২৫ তারিখে অনুষ্ঠিত ইনস্টিটিউটের ৮২তম বোর্ড সভায় জনাব সন্তোষ কুমার পাল BARI2496, বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষিতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুর-কে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে ''বরখাস্ত'' করার চূড়ান্ত অনুমোদন দেয়া হয়;

সেহেতু, জনাব সন্তোষ কুমার পাল BARI2496, বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষিতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাক্রমে **"অসদাচরণ ও পলায়ন"** এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক অত্র ইনস্টিটিউটের চাকরি হতে **''বরখাস্ত''** করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ)
মহাপরিচালক
ফোনঃ ০২-৪৯২৭০০০০

জনাব সন্তোষ কুমার পাল BARI2496,
বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষিতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুর।
ইমেইলঃ santosh87dhaka@gmail.com

জনাব সন্তোষ কুমার পাল
পিতা-স্বপন কুমার পাল, গ্রাম-লক্ষণপুর
ডাকঘর-নেংগুড়া হাট, থানাঃ মনিরামপুর, জেলাঃ যশোর।

স্মারক নং-১২.২১.০০০০.০০০.০০৫.২৭.০০০১.২৫.১৬০৬

তারিখ: ২৬-১০-২০২৫

অনুলিপিঃ-

১. পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মুল্যায়ন), বারি, গাজীপুর
২. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৩. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষিতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুর
৪. উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বারি, গাজীপুর
৫. **রেজি./এডিঃ** জনাব সন্তোষ কুমার পাল BARI2496, বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষিতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুর
৬. **রেজি./এডিঃ** জনাব সন্তোষ কুমার পাল, পিতা-স্বপন কুমার পাল, গ্রাম-লক্ষণপুর, ডাকঘর-নেংগুড়া হাট, থানাঃ মনিরামপুর, জেলাঃ যশোর
৭. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর
৮. এসিআর সেল/কম্পিউটার সেল
৯. ব্যক্তিগত নথি/মাস্টার ফাইল/সংশ্লিষ্ট নথি।

২৬/১০/২৫

(মোঃ মিজানুর রহমান খন্দকার)
উপ-পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৪৯২৭০০১০/৫৩০৬